

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি  
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৮৭.১৭-৬৭৭


তারিখ: ০৭ সেপ্টেম্বর, ২০২৫

**অফিস আদেশ**

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'র ঝালকাঠি জেলার সদর উপজেলায় কর্মকালীন মিজ সালমা বেগম, মাঠ সংগঠক (বাবুগঞ্জ, বরিশাল বদলি আদেশপ্রাপ্ত) ঝালকাঠি সদর উপজেলায় কর্মকালীন বিভিন্ন সদস্যদের নামে ঋণ বিতরণ দেখিয়ে বিভিন্ন কৌশলে সমিতির সদস্যদের নিকট থেকে স্বাক্ষরযুক্ত চেক সংগ্রহ করে ঋণের অর্থ নগদায়নের মাধ্যমে ২৬,৯৮,০০০.০০ (ছাব্বিশ লক্ষ আটানব্বই হাজার) টাকা ও ২ জন সুফলভোগী সদস্য হতে ঋণের কিস্তি বাবদ আদায়কৃত ৬৪,০০০.০০ (চৌষট্টি হাজার) টাকাসহ সর্বমোট ২৭,৬২,০০০.০০ (সাতাশ লক্ষ বাষট্টি হাজার) টাকা আত্মসাৎ এবং আর্থিক লাভবান হওয়ার উদ্দেশ্যে ব্যক্তিগতভাবে সদস্যদের বিপরীতে সঞ্চয় জমাকরণ করার বিষয়টি সুস্পষ্টভাবে প্রমানিত হওয়ায় ইরেসপো কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা ২০২২ (সংশোধিত) এর অনুচ্ছেদ ২৪ (ক), (খ), (ঘ), (জ) ও (ঝ) লঙ্ঘিত হয়েছে। সে প্রেক্ষিতে অপরাধের গভীরতা, ধরণ ও ব্যাপ্তি বিবেচনায় নীতিমালার অনুচ্ছেদ ২৬ অনুযায়ী তাকে কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে সাময়িক বরখাস্তকরণপূর্বক বরিশাল জেলা দপ্তরে সংযুক্ত করা হলো।

২। বদলিকৃত কর্মস্থলে যোগদানপত্র দাখিল হতে অদ্যাবদি সময় বাধ্যতামূলক অপেক্ষকাল হিসেবে গণ্য হবে।

কর্মসূচি'র স্বার্থে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


  
মোহাম্মদ রাশেদুল আলম  
কর্মসূচি পরিচালক

নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৮৭.১৭-৬৭৭

তারিখ: ০৭ সেপ্টেম্বর, ২০২৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মিজ সালমা বেগম, মাঠ সংগঠক, ইরেসপো, (বাবুগঞ্জ, বরিশাল বদলি আদেশপ্রাপ্ত)  
(স্থায়ী ঠিকানা: স্বামী: মো: শহীদুল ইসলাম, গ্রাম: কৃষকাঠি, পো: সদর, উপজেলা: সদর, জেলা: ঝালকাঠি)।
২. উপপরিচালক, বিআরডিবি, জেলা: ঝালকাঠি/বরিশাল।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃসদর/বাবুগঞ্জ জেলাঃ ঝালকাঠি/বরিশাল।
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. ব্যক্তিগত নথি।

  
শামীমা আক্তার  
সহকারী পরিচালক